

# প্রবীণদের সহায়তা

আজকালের প্রতিবেদন: প্রবীণদের শরীর খারাপ হলে তাঁদের পাশে দাঁড়াচ্ছে স্বেচ্ছাসেবী সংস্থা। প্রবীণদের হাসপাতালে নিয়ে যাওয়া থেকে শুরু করে প্রতিদিন তাঁদের খোঁজ নিচ্ছে স্বেচ্ছাসেবী সংস্থা 'দীপ প্রবীণ পরিষেবা'। নির্দিষ্ট সময়ে চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া থেকে বিভিন্ন শারীরিক পরীক্ষা— সবই করিয়ে দিচ্ছেন সংস্থার সদস্যরা। ভাল চিকিৎসা দেওয়ার জন্য শহরের সেরা হাসপাতাল, নার্সিংহোম থেকে ডায়াগনস্টিক সেন্টারের সঙ্গে চুক্তিও করেছে দীপ প্রবীণ পরিষেবা। এখন অনেক প্রবীণই একা থাকেন। বয়স হলে অনেক রোগই শরীরে এসে দানা বাঁধে। কিন্তু একা থাকার জন্য ঠিক সময়ে ডাক্তারের কাছে যাওয়া বা পরীক্ষা করা হয়ে ওঠে না। এর ফলে রোগ বাড়তে থাকে। তাই তাঁদের জন্যই ২০১৩ সালের এপ্রিল মাসে এই পরিষেবা চালু করেছে এইচ আর ডি এস, ইন্ডিয়া। সেটি আবার এইচ আর ডি এস, ইউ এস এ-র অন্তর্গত। শুধু রোগের চিকিৎসা করা নয়, আরও বেশ কিছু বিষয়ে খেয়াল রাখে দীপ প্রবীণ পরিষেবা।

Publication - Aajkaal

Page - 6

Date - 26.12.2014

## Translation

Deep Proben Porisheba is an organisation which provides in house services for elders. They are providing various kinds of services like Doctor Visit, medical check up and others. They have also tied up with diagnostic centres and nursing homes for better service. Besides this Deep Proben Porisheba, provides many other services like Companionship, Psychological counselling, Technology Assistance and others. Deep Proben Porisheba, established in April, 2013 is an initiative of HRDS, India which comes under HRDS, USA.